ভোরের কাগজ

176

AUG. 2 1 1999

তারিখ ... 1999

পৃষ্ঠা 12 কলাম 7

### ভিসেরা রিপোর্টে রহস্য ভেদ

# বিষ প্রয়োগে হত্যা করা হয়েছে রা. বি'র ছাত্রী মিতাকে

রাজশাহী প্রতিনিধি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিভাগের মেধাবী ছাত্রী মিতা হত্যার রহস্য অবশেষে উদঘাটিত হয়েছে। তাকে বিষ প্রয়োগে হত্যা করা হয়েছে। বৃহস্পতিবার রাতে ঢাকার মহাখালীস্থ ল্যাবরেটরি থেকে প্রাপ্ত মিতার ভিসেরা রিপোর্টে এ কথা বলা হয়েছে। শেষ খবর অনুযায়ী রাজশাহী সরকারি মহিলা হোস্টেলের নাইটগার্ড রেজাউলকে বৃহস্পতিবার রাতেই মিতা হত্যা মামলার অন্যতম আসামি হিসেবে রাজপাড়া থানা পুলিশ গ্রেপ্তার করেছে।

ইতিপূর্বে পুলিশ এ হত্যা মামলার প্রধান আসামি মিতার সহপাঠী রা.বি'র উদ্ভিদবিদ্যা বিভাগের ছাত্রী শিমুল, ছাত্র দেলোয়ার ও কর্মজীবী মহিলা হোস্টেলের শিমুলের রুমমেট আনন্দকে পুলিশ গ্রেপ্তার করেছে। আসামিরা সকলেই বর্তমানে রাজশাহী কেন্দ্রীয় কারাগারে আটক রয়েছে। গত ৫ জুলাই বিকালে রাজশাহী মহানগরীর বিল সিমলাস্থ সরকারি মহিলা কর্মজীব হোস্টেলে শিমুলের কাছে নোট আনতে গিয়ে মিতার মৃত্যু হয়। এ হত্যাকাণ্ড রাজশাহীসহ সারা দেশে বেশ চাঞ্চল্যের সৃষ্টি করেছিল।

এদিকে পুলিশ গতকাল শুক্রবার কর্মজীবী মহিলা হোস্টেলের অপর নাইটগার্ড মনসুর রহমানকে গ্রেপ্তার করেছে।